

ডাকিছ শুনি জাগিনু প্রভু, আসিনু তব পাশে ।
 আঁখি ফুটিল, চাহি উঠিল চরণদরশ-আশে ॥
 খুলিল দ্বার, তিমিরভার দূর হইল ত্রাসে ।
 হেরিল পথ বিশ্বজগত, ধাইল নিজ বাসে ॥
 বিমলকিরণ প্রেম-আঁখি সুন্দর পরকাশে—
 নিখিল তায় অভয় পায়, সকল জগত হাসে ॥
 কানন সব ফুল্ল আজি, সৌরভ তব ভাসে—
 মুগ্ধ হৃদয় মত্ত মধুপ প্রেমকুসুমবাসে ॥
 উজ্জ্বল যত ভকতহৃদয়, মোহতিমির নাশে ।
 দাও, নাথ, প্রেম-অমৃত বঞ্চিত তব দাসে ॥

Parjaay: Puja, Taal: Ektaal (3-3), Raag: Mishra-Bhairav
 Visit www.geetabitan.com for notation and other detail